

কিশোর ভারতী ভগিনী নিবেদিতা কলেজ (কো-এড)
পার্ট ১ পরীক্ষা ২০২০ ॥ বাংলা ॥ সাম্মানিক
তৃতীয় পত্র
০১.১২.২০২০

পূর্ণ মান - ১০০

সময়- ২ ঘণ্টা

১। যে-কোনো একটি বিষয় সম্পর্কে আলোচনা করো :

১০

- (ক) রোমান্স
- (খ) ঐতিহাসিক উপন্যাস
- (গ) সামাজিক উপন্যাস
- (ঘ) ছোটগল্প

২। যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৩০ X ৩

- (ক) 'চন্দ্রশেখর' উপন্যাসে উপক্রমণিকা অংশটির সংযোজন কেবল আয়তন বৃদ্ধি করবার জন্য নয়, তার মধ্যেই উপন্যাসের মূল বক্তব্যটি নিহিত রয়েছে— মন্তব্যটি আলোচনা করো।
- (খ) 'চন্দ্রশেখর' উপন্যাসে প্রতাপকে এ সংসারে সর্বাপেক্ষা পুণ্যবান চরিত্র বলা হয়েছে। চরিত্রটি আলোচনার মাধ্যমে মন্তব্যটি বিশ্লেষণ করো।
- (গ) হে মোর বন্যা, তুমি অনন্যা,/ আপন স্বরূপে আপনি ধন্যা।
—এই পংক্তি দুটির আলোকে 'শেষের কবিতা' উপন্যাসে লাভণ্য চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ঘ) 'শেষের কবিতা' উপন্যাসের নামকরণের যথার্থ্য বিচার করো।
- (ঙ) 'শ্রীকান্ত ও রাজলক্ষ্মীর মিলনের পথে বাধা তারা নিজেরাই'— মন্তব্যটি কি ঠিক বলে তোমার মনে হয়? 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) অবলম্বনে মন্তব্যটি আলোচনা করে তোমার মতামত জানাও।
- (চ) 'সনাতন ভারতবর্ষের পতিব্রতা ও স্নেহময়ী নারী সত্তার প্রতিনিধি অন্নদাদিদি'— এই মন্তব্যের আলোকে 'শ্রীকান্ত' (প্রথম পর্ব) উপন্যাসের অন্নদাদিদি চরিত্রটি বিশ্লেষণ করো।
- (ছ) নবীন ও প্রবীণের দ্বন্দ্ব 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসটির অন্যতম কেন্দ্রীয় বিষয় - প্রসঙ্গটি আলোচনা করো।
- (জ) 'হাঁসুলীবাঁকের উপকথা' উপন্যাসে পাখি এবং কালোশশী— এই দুটি চরিত্রের গুরুত্ব আলোচনা করো।